



সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
এবং
মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নং
১	উপক্রমণিকা	২
২	কোস্ট গার্ড বাহিনীর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩-৫
৩	সেকশান ১ঃ কোস্ট গার্ড বাহিনীর রূপকল্প, অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি	৬
৪	সেকশান ২ ঃ কোস্ট গার্ড বাহিনীর বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৭
৫	সেকশান ৩ ঃ কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৮-৯
৬	অঙ্গীকারনামা	১০
৭	সংযোজনী ১ ঃ শব্দসংক্ষেপ	১১
৮	সংযোজনী ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি	১২-১৩
৯	সংযোজনী ৩ ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদাসমূহ	১৪
১০	কোস্ট গার্ড বাহিনীর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০১৮-১৯	১৫-১৭

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

এবং

সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

কোস্ট গার্ড বাহিনীর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(OVERVIEW OF THE PERFORMANCE OF THE BANGLADESH COAST GUARD FORCE)

সাম্প্রতিক অর্জন :

বাংলাদেশের জলসীমায় জাতীয় স্বার্থ সংরক্ষণে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী সার্বক্ষণিকভাবে নিয়োজিত থেকে বাংলাদেশের জলসীমা বিশেষ করে উপকূল অঞ্চলে অবৈধ কার্যকলাপ পূর্বের তুলনায় হ্রাস করতে পেরেছে। এছাড়া উপকূল অঞ্চলে উপজেলা পরিষদ নির্বাচন, পৌরসভা নির্বাচন, সিটি কর্পোরেশান নির্বাচন, ইউনিয়ন পরিষদ নির্বাচন সাফল্যের সাথে সম্পন্নকরণে অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর সাথে একযোগে কাজ করেছে। এ বাহিনী বিগত তিন বছরে ৭৩,০২৩ টি টহল/অভিযান ও ৭০ টি দুর্ঘটনার বিপরীতে উদ্ধার অভিযান পরিচালনা করে। উক্ত অভিযান সমূহ পরিচালনার মাধ্যমে ১৮৫ টি অবৈধ আগ্নেয়াস্ত্র, ১৩৯৫ রাউন্ড তাজা গোলা এবং ৫৬৫ জন বন্দসু্য/ডাকাত/চোরাকারবারীসহ ৯০০ কোটি টাকার বিভিন্ন প্রকার মাদকদ্রব্য, ১৫৬ কোটি ৬০ লক্ষ টাকার অবৈধ চোরাচালানপণ্য, ৩৯২১ কোটি ২১ লক্ষ টাকার অবৈধ মৎস্য আহরণে ব্যবহৃত কারেন্ট জালসহ অন্যান্য জাল আটক করে। এছাড়া ৫২২ জন অপহৃত বিপন্ন জেলে/বাওয়ালী ও ১০৭ টি বোট উদ্ধার এবং অবৈধভাবে সমুদ্রপথে বিদেশ গমনকালে ২৩০ জনকে আটক এবং ১৬৫২২ জন মিয়ানমার নাগরিককে ১৬৫ টি মিয়ানমার বোটসহ ফেরত প্রদান/রোহিঙ্গা ক্যাম্পে হস্তান্তর করেছে। দ্রুতগতিসম্পন্ন জলযান সংযোজনের ফলে যে কোন পরিস্থিতি মোকাবেলায় কোস্ট গার্ড বাহিনীর প্রতিক্রিয়ার সময় উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ফলে কোস্ট গার্ড বাহিনী বর্তমানে ত্বরিত গতিতে যে কোন অপরাধ মোকাবেলা করতে সক্ষম। জাটকা নিধন প্রতিরোধ ও মা ইলিশ সংরক্ষণ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কার্যকরী ভূমিকার জন্য পূর্বের তুলনায় ইলিশ উৎপাদন বহুগুণে বৃদ্ধি পেয়েছে। চট্টগ্রাম বহিঃনোঙ্গর ও তৎসংলগ্ন এলাকায় বাণিজ্যিক জাহাজে চুরি ডাকাতি দমনে আন্তর্জাতিক অঙ্গনে কোস্ট গার্ড বাহিনীর কার্যক্রম ব্যাপক প্রশংসা লাভ করেছে এবং বাংলাদেশের বন্দরসমূহকে নিরাপদ ঘোষণা করা হয়েছে। এর ফলে সকল বাণিজ্যিক জাহাজ হ্রাসকৃতহারে Insurance Premium দিয়ে বাংলাদেশে চলাচল করেছে। এতে বহির্বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি বৃদ্ধির সাথে সাথে বৈদেশিক বাণিজ্যে ব্যাপক গতি সঞ্চার হয়েছে এবং জনগণ তার সুফল ভোগ করেছে।

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর সদস্যগণকে অনুপ্রাণিত করার পাশাপাশি তাদের কাজের স্বীকৃতিস্বরূপ গত ১৫ ফেব্রুয়ারি ২০১৫ কোস্ট গার্ড বাহিনীর প্রতিষ্ঠাবার্ষিকীতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান করা হয়েছে।

ইতিমধ্যে এ বাহিনীর জন্য ইতালি হতে ক্রয়কৃত ০৪টি লিডার ক্লাস ওপিভি-র মধ্যে সিজিএস তাজউদ্দীন ও সিজিএস সৈয়দ নজরুল গত ০২ নভেম্বর ২০১৬ বাংলাদেশে আগমন করেছে এবং বিগত ১২ জানুয়ারি ২০১৭ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাহাজ ০২টি কমিশনিং করা হয়েছে। অবশিষ্ট ০২টি ওপিভি সিজিএস মনসুর আলী ও কামরুজ্জামান গত ২২ ডিসেম্বর ২০১৭ বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীতে সংযোজিত হয়েছে এবং জাহাজ দুটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কমিশন করার অপেক্ষায় রয়েছে। জাহাজসমূহ বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীতে সংযোজনের ফলে দেশের গভীর জলসীমায় টহল প্রদানের মাধ্যমে Blue Economy তে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। সিজিএস তাজউদ্দীন গত ৩০ জানুয়ারি ২০১৭ ও ২২ মে ২০১৮ ভারতে গুভেচ্ছা সফরে গমন করে। ফলে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর কর্মকর্তা ও নাবিকদের ভারতীয় কোস্ট গার্ডের নিকট থেকে বাস্তবিক প্রশিক্ষণ গ্রহণের সুযোগ হয়েছে এবং যা দুদেশের কোস্ট গার্ডের মধ্যকার সম্পর্ক সুদৃঢ় করায় বিশেষ ভূমিকা পালন করবে।

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর সক্ষমতা বৃদ্ধির জন্য রাজস্ব বাজেটের আওতায় ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে ০৭টি ফ্ল্যাট ডেক পন্টুন, ০৭টি জিআরপি বোট ও ০১টি আরআইবি নির্মাণ করা হয়েছে এবং ০৪টি সেলফ সাসটেইন্ড পন্টুন নির্মাণাধীন রয়েছে। এছাড়া চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে ২৭ কোটি টাকা ব্যয়ে ১৩টি সেলফ সাসটেইন্ড পন্টুন নির্মাণাধীন রয়েছে যা ২০১৮ সালের মধ্যে কোস্ট গার্ড বাহিনীতে সংযোজিত হবে বলে আশা করা যায়।

কোস্ট গার্ড বাহিনীকে শক্তিশালী করার লক্ষ্যে বর্তমান গণতান্ত্রিক সরকারের বহুমুখী প্রয়াস হিসেবে জলযান সংগ্রহ ও অবকাঠামো নির্মাণের জন্য মোট ০৫টি প্রকল্প বর্তমানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পসমূহের আওতায় ০৭টি ইনশোর প্যাট্রোল ভেসেল (আইপিভি), ০২টি ফাস্ট প্যাট্রোল বোট (এফপিবি), ০১টি ফ্লোটিং ক্রেন, ০২টি টাগ এবং ১৬টি হাইস্পিড বোট সংগ্রহের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। চলমান প্রকল্পসমূহের আওতায় ইতিমধ্যে ০২টি হারবার প্যাট্রোল বোট (এইচপিবি) ও ০৪টি পন্টুন নির্মাণশেষে কোস্ট গার্ড বহরে যুক্ত হয়েছে এবং ২টি ইনশোর প্যাট্রোল ভেসেল (আইপিভি) ও ২টি ফাস্ট প্যাট্রোল ভেসেল(এফপিবি) হস্তান্তরের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামোগত সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বেইস, স্টেশন ও আউটপোস্টসহ ডকইয়ার্ড, প্রশাসনিক ভবন, নাবিক ব্যারাক ও বাসস্থান নির্মাণ করা হচ্ছে।

কোস্ট গার্ড বাহিনীর বিভিন্ন জোন, বেইস, স্টেশান, আউটপোস্ট ও এর অনুকূলে সর্বমোট ৯৬০ জন জনবল কোস্ট গার্ড বাহিনীর সাংগঠনিক কাঠামো (টিওএন্ডই) তে অন্তর্ভুক্ত হয়েছে এবং কোস্ট গার্ড বাহিনীর অনুমোদিত বেইস, স্টেশান ও আউটপোস্টের জন্য ৫৬.৫ একর জমি অধিগ্রহণ করা হয়েছে এবং আরও প্রয়োজনীয় জমি অধিগ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :

কোস্ট গার্ড বাহিনী বিভিন্ন অপারেশনাল কর্মকান্ড পরিচালনা ও প্রশাসনিক কার্যক্ষেত্রে নানাবিধ সমস্যা ও চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে আসছে। এ সমস্যা ও চ্যালেঞ্জসমূহ নিম্নরূপঃ

ক। কোস্ট গার্ড একটি বিশেষায়িত বাহিনী। এ বাহিনীর কিছু নিজস্ব কর্মকান্ড যেমন পল্যুশান কন্ট্রোল, সার্চ এ্যান্ড রেসকিউ, স্যালাভেজ, জীববৈচিত্র্য রক্ষা ইত্যাদির জন্য বিশেষভাবে প্রশিক্ষিত জনবল প্রয়োজন যা নৌ বাহিনী কিংবা অন্য কোন বাহিনীর নেই। তদুপরি অন্য বাহিনী হতে আনা সদস্য নিয়ে কোস্ট গার্ড বাহিনী পরিচালনা করতে প্রধানত তিন ধরনের সমস্যা হচ্ছেঃ

(১) ধারবাহিকতার অভাব। প্রেষণে নিয়োজিত নৌসদস্যরা অনিশ্চিত, অনির্ধারিত, স্বল্প (ক্ষেত্রবিশেষে এক বছর বা কয়েক মাস) সময়ের জন্য কোস্ট গার্ড বাহিনীতে নিয়োজিত হওয়ায় তাদের বাহিনীর কর্মকান্ড সম্পর্কে সার্বিক জ্ঞান অর্জন এবং দক্ষতা সৃষ্টি হয় না।

(২) একত্বতার অভাব। প্রেষণে নিয়োজিত নৌসদস্যরা স্বল্প সময়ের জন্য এ বাহিনীতে নিয়োগ প্রাপ্ত হওয়ায় এবং মাতৃবাহিনীতে প্রত্যাবর্তনের বাধ্যবাধকতা থাকায় এবং মাতৃবাহিনী কর্তৃক তাদের Career planning নিয়ন্ত্রিত হওয়ায় কোস্ট গার্ড বাহিনীতে তারা পূর্ণমনোযোগ সহকারে কর্মসম্পাদন করতে সক্ষম হননা।

(৩) বিশেষায়িত প্রশিক্ষণের ধারাবাহিকতার অভাব। কোস্ট গার্ড বাহিনীর প্রয়োজনে প্রেষণে আগত নৌসদস্যদের কোন বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান করলে মাতৃবাহিনীতে প্রত্যাবর্তনের কারণে সেই প্রশিক্ষণের কোন সুফল কোস্ট গার্ড বাহিনী পায়না।

খ। এ বাহিনীর বিশেষায়িত দিকগুলি চিহ্নিত করে সেগুলিতে যথাযথ পদায়নের মাধ্যমে স্থায়ী জনবল নিয়োগ করা প্রয়োজন। তবে অদ্যাবধি এ বাহিনীর বিশেষায়িত ক্ষেত্রসমূহে সক্ষমতা অর্জন করা সম্ভব হয় নাই।

গ। বাহিনীর নিজস্ব জনবল নিয়োগের জন্য নিয়োগবিধি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত না হওয়ায় বাহিনীর নিজস্ব জনবল নিয়োগ দেওয়া সম্ভব হচ্ছে না।

ঘ। ভূমির অপ্রতুলতা অত্যন্ত প্রকট এর ফলে এ বাহিনীর অগ্রগতি ব্যাহত হচ্ছে।

ঙ। বিশেষায়িত জলযানের অপ্রতুলতা।

ভবিষ্যৎ পরিকল্পনা :

এ বাহিনীর জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা বাহিনী কর্তৃক সংশোধন করার প্রক্রিয়া চলমান রয়েছে। উক্ত পরিকল্পনা মোতাবেক এ বাহিনীতে নিচের বিষয়গুলো সংযুক্ত হবে :

ক। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীতে নিজস্ব জনবল নিয়োগের মাধ্যমে জনবল ১৫,০০০ এ উন্নীতকরণ।

খ। ০৮ টি এমপিএ, ০৮ টি হেলিকপ্টার, ২৪ টি ডোন এবং ১০ টি হোভারক্রাফট সংযুক্ত করার পরিকল্পনা রয়েছে।

গ। গভীর সমুদ্রে প্রতিকূল আবহাওয়ায় চলাচল উপযোগী ০৮ টি ওপিভি অত্র বাহিনীতে সংযুক্তির পরিকল্পনা রয়েছে।

ঘ। ৪৬ টি বিভিন্ন ধরনের ছোট জাহাজ এবং ৩০০ টি হাই স্পিড বোট অত্র বাহিনীতে সংযুক্তির পরিকল্পনা রয়েছে।

ঙ। উদ্ধার কার্য পরিচালনা ও পরিবেশ দূষণরোধ কল্পে ০৪ টি জাহাজ সংযুক্তির পরিকল্পনা রয়েছে।

চ। কোস্টাল মনিটরিং সিস্টেম স্থাপন, যার সাহায্যে উপকূলে গমনাগমনকারী জলযানের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখা যাবে।

ছ। ডগ স্কোয়াডসহ নারকোটিক্স ডিটেকশান টিম, যার সাহায্যে কোন জলযানে লুকায়িত মাদকদ্রব্য খুঁজে বের করা ও পরীক্ষা-নিরীক্ষা করা যাবে।

জ। নিজস্ব কমান্ডো বাহিনী, যার মাধ্যমে সুন্দরবনের লুকায়িত দস্যুদের দমন করা যাবে।

২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ক। জাটকা নিধন প্রতিরোধের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থবছরে ইলিশ আহরণ ৬.৫ লক্ষ মেট্রিক টন এ উন্নীতকরণ।
- খ। উপকূলবর্তী এলাকায় নিরাপত্তা জোরদারে কমপক্ষে ২৪,০০০ অভিযান পরিচালনা।
- গ। অভ্যন্তরীণ জলসীমা ও সমুদ্র এলাকায় অবৈধ মৎস্য আহরণ রোধে কমপক্ষে ১২৬৪০ টি টহল/অভিযান পরিচালনা।
- ঘ। মাদক দ্রব্য, চোরাচালান, অবৈধ মৎস্য আহরণ, মানব পাচার ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক কমপক্ষে ৬০০ টি জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ।
- ঙ। নাব্যতাহীন জায়গায় চলাচলে সক্ষম জলযান তথা ০৪টি হোভারক্রাফটসহ অন্যান্য আধুনিক জলযান/যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে বাহিনীর সার্বিক কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি।
- চ। যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে জনবলের দক্ষতা বৃদ্ধি।
- ছ। বাহিনীর নিজস্ব ডকইয়ার্ড স্থাপনের কার্যক্রম শুরু করা।
- জ। বাহিনীর বিশেষায়িত ক্ষেত্রসমূহে (পল্যুশান কন্ট্রোল, সার্চ এ্যান্ড রেসকিউ, স্যালভেজ, জীববৈচিত্র্য রক্ষা) নিজস্ব জনবল সংযোজন প্রক্রিয়া শুরু করা।
- ঝ। বাহিনীর জাহাজসমূহ হতে উৎক্ষেপনযোগ্য ড্রোন ক্রয়।
- ঞ। বাহিনীর কোস্টাল মনিটরিং সিস্টেম স্থাপনের কাজ শুরু।
- ট। বাহিনীর জন্য গভীর সমুদ্রে সব ধরনের আবহাওয়ায় চলাচল উপযোগী ০৪ টি ৩৫০০ টনের উর্ধ্ব ওপিভি নির্মাণের কাজ শুরু।

সেকশান ১

কোস্ট গার্ড বাহিনীর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

১.১ রূপকল্প :

নিরাপদ জলসীমা নিশ্চিতকরণ এবং জাতীয় স্বার্থ রক্ষায় অঙ্গীকারবদ্ধ।

১.২ অভিলক্ষ্য :

বাংলাদেশের জাতীয় জলসীমা ও উপকূলীয় অঞ্চলে বনদস্যুতা/ডাকাতি দমন, অবৈধ পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ, মৎস্য, তেল, গ্যাস ও বনজ সম্পদ রক্ষাসহ পরিবেশ দূষণ প্রতিরোধ, সমুদ্র বন্দরের নিরাপত্তা প্রদানের মাধ্যমে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তা প্রদান, প্রাকৃতিক দুর্যোগকালে উপকূলীয় এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজ পরিচালনা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১.৩.১ কোস্ট গার্ড বাহিনীর কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস।
- ২। উপকূলবর্তী এলাকায় চোরাচালান, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণ হ্রাস।
- ৩। অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস।
- ৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন হ্রাস।
- ৫। সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধি।
- ৬। মানব সম্পদ উন্নয়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
- ২। কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
- ৩। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
- ৪। জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি (Functions) :

- ১। বাংলাদেশের জাতীয় স্বার্থ সংরক্ষণ করা।
- ২। যুদ্ধকালীন সময়ে বাংলাদেশ নৌবাহিনীকে সহায়তা করা।
- ৩। সমুদ্র বন্দরে নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা করা।
- ৪। নাশকতামূলক ও সন্ত্রাসমূলক কার্যকলাপ প্রতিরোধ ও দমন করা এবং এতদুদ্দেশ্যে অন্যান্য কর্তৃপক্ষকে সহায়তা করা।
- ৫। বাংলাদেশের জলসীমা দিয়ে বাংলাদেশে অবৈধ অনুপ্রবেশ বা বাংলাদেশ হইতে অবৈধ গমন প্রতিরোধ করা এবং মানব পাচার প্রতিরোধ করা।
- ৬। প্রাকৃতিক দুর্যোগকালে ত্রাণ ও উদ্ধারকার্যে অংশগ্রহণ করা এবং দুর্ঘটনা কবলিত নৌযান, মানুষ এবং মালামাল উদ্ধার করা।
- ৭। কোন নৌযান বা উহাতে অবস্থানরত ব্যক্তির ব্যাপারে আদালত বা অন্যবিধ কর্তৃপক্ষের পরোয়ানা বা অন্য কোন আদেশ বলবৎ করা।
- ৮। পরিবেশ দূষণকারী কার্যকলাপ অনুসন্ধান এবং উহা প্রতিরোধের ব্যবস্থা করা।
- ৯। মাদকদ্রব্য পাচার এবং চোরাচালান প্রতিরোধ করা।
- ১০। অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ করা।
- ১১। প্রাকৃতিক দুর্যোগকালে সতর্কবাণীসহ অন্যান্য তথ্য বেতার বা অন্য কোন মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।
- ১২। নিয়মিত টহল দেওয়া ও এতদসম্পর্কিত দায়িত্ব পালন।
- ১৩। কর্মরত ব্যক্তিগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং
- ১৪। সময় সময়, সরকার কর্তৃক নির্দেশিত অন্য কোন দায়িত্ব সম্পাদন করা।

সেকশান ২

কোস্ট গার্ড বাহিনীর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৬-১৭	২০১৭-১৮*		২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১। উপকূলবর্তী এলাকায় অপরাধ ও অবৈধ কার্যকলাপ হ্রাস	[১.১] পরিচালিত টহল	সংখ্যা	২৪৯০০	২৬০৪৮	২৪০০০	২৫০০০	২৬০০০	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন
	[১.২] মাদকদ্রব্য পাচার রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	১৫০	১৮০	২০০	২৩০	২৫০	পুলিশ, বিজিবি ও র‍্যাভ	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন
	[১.৩] অবৈধ চোরাচালান রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	৩০৫	৩৯৬	৪৫০	৪৭৫	৫০০	পুলিশ, বিজিবি ও র‍্যাভ	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন
	[১.৪] অবৈধভাবে মাদকদ্রব্য পাচার ও চোরাচালান রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	১৮৬	১৯৩	২০০	২২৫	২৫০	-	
২। অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস	[২.১] অভ্যন্তরীণ জলসীমায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	১১৮২৭	১২১০২	১২৫০০	১৩০০০	১৩৫০০	নৌ পুলিশ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন
	[২.২] সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	৯২	১২০	১৪০	১৬০	২০০	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন
	[২.৩] অবৈধভাবে মৎস্য আহরণ রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	১৩৫	১৪৬	১৫০	১৫৫	১৬০	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন
৩। সমুদ্র এলাকায় নিরাপত্তা জোরদার	[৩.১] বন্দর নোঙ্গর এলাকায় পরিচালিত টহল	জনঘন্টা (হাজার)	২৫৩	২৬২	২৭০	২৭৫	২৮০	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন
	[৩.২] বাংলাদেশের সমুদ্র এলাকায় পরিচালিত টহল	জনঘন্টা (হাজার)	৪৮২	৪৮৭	৫০০	৫১০	৫২০	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন

* সাময়িক

সেকশান ৩

কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮*	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
						৭	৮	৯	১০	১১	১২	১৩		
কোস্ট গার্ড বাহিনীর কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ	১৩	{১.১} উপকূলবর্তী এলাকার দায়িত্বাধীন এলাকাসমূহে টহল বৃদ্ধি	{১.১.১} পরিচালিত টহল	সংখ্যা	১০	২৪৯০০	২৬০৪৮	২৪০০০	২৩০০০	২২০০০	২১০০০	২০০০০	২৫০০০	২৬০০০
		{১.২} প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম	{১.২.১} দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম	শতকরা %	৩	৯৭	৯৭	৯৮	৯৫	৯২	৮৯	৮৫	৯৮	৯৯
২। উপকূলবর্তী এলাকায় চোরালান, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণ হ্রাস	২১	{২.১} উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	{২.১.১} মাদকদ্রব্য পাচার রোধে পরিচালিত অভিযান	সংখ্যা	৭	১৫০	১৮০	২০০	১৯০	১৮০	১৭০	১৬০	২৩০	২৫০
			{২.১.২} অবৈধ চোরালান রোধে পরিচালিত অভিযান	সংখ্যা	৭	৩০৫	৩৯৬	৪৫০	৪২৫	৪০০	৩৭৫	৩৫০	৪৭৫	৫০০
			{২.১.৩} অবৈধভাবে মাদকদ্রব্য পাচার ও চোরালান রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	২	১৩৩	১৪২	১৫০	১৪৩	১৩৬	১২৯	১২২	১৫৫	১৬০
		{২.২} উপকূলবর্তী এলাকায় জেলেদের নিরাপত্তা প্রদান কার্যক্রম	{২.২.১} অপহৃত জেলে/বাওয়ালী উদ্ধারে পরিচালিত অভিযান	শতকরা %	৫	৯৫	৯৫	৯৭	৯২	৮৮	৮৪	৮০	৯৮	৯৯
৩। অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস	১৫	{৩.১} উপকূলীয় ও সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম	{৩.১.১} অভ্যন্তরীণ জলসীমায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	৮	১১৮২৭	১২১০২	১২৫০০	১২০০০	১১৫০০	১১০০০	১০৫০০	১৩০০০	১৩৫০০
			{৩.১.২} সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত	সংখ্যা	৫	৯২	১২০	১৪০	১৩০	১২০	১১০	১০০	১৬০	২০০

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮*	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
						৭	৮	৯	১০	১১	১২	১৩		
			টহল/অভিযান											
			{৩.১.৩} অবৈধভাবে মৎস্য আহরণ রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	২	১৩৫	১৪৬	১৫০	১৪৪	১৩৮	১৩২	১২৬	১৫৫	১৬০
৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন হ্রাস	৫	{৪.১} উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম	{৪.১.১} মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	৩	৯০৮৭	৯২৩২	৯৫০০	৯২৫০	৯০০০	৮৭৫০	৮৫০০	৯৭৫০	১০০০০
			{৪.১.২} মানব পাচার রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	২	১৩৭	১৪৫	১৫০	১৪৪	১৩৮	১৩২	১২৬	১৫৫	১৬০
৫। সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধি	১৫	{৫.১} সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধিতে কার্যক্রম	{৫.১.১} বন্দর নোঙ্গর এলাকায় পরিচালিত টহল	জনঘণ্টা (হাজার)	৬	২৫৩	২৬২	২৭০	২৬০	২৫০	২৪০	২৩০	২৭৫	২৮০
			{৫.১.২} ব্লু ইকোনমি সংশ্লিষ্ট কর্মকাণ্ডে পরিচালিত টহল	জনঘণ্টা (হাজার)	৩	-	৭৩.৫২	১৪০	১৩৫	১৩০	১২৫	১২০	১৪৫	১৫০
			{৫.১.৩} সমুদ্র এলাকায় অন্যান্য কর্মকাণ্ডে পরিচালিত টহল	জনঘণ্টা (হাজার)	৪	৪৮২	৪৮৭	৫০০	৪৮০	৪৬০	৪৪০	৪২০	৫৩০	৫৪০
			{৫.১.৪} নৌযানের ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	২	১৩৫	১৪৩	১৫০	১৪৪	১৩৮	১৩২	১২৬	১৫৫	১৬০
৬। মানব সম্পদ উন্নয়ন	৬	{৬.১} মানব সম্পদ উন্নয়নে গৃহীত কার্যক্রম	{৬.১.১} মানব সম্পদ উন্নয়নে প্রদানকৃত প্রশিক্ষণ	জন	২	৯২৫	১০২৩	১১০০	১০৯০	১০৮০	১০৭০	১০৬০	১২০০	১৩০০
			{৬.১.২} সভা, সেমিনার ও কর্মশালা	সংখ্যা	২	৩৫	৩৮	৪০	৩৮	৩৬	৩৪	৩২	৪৫	৫০
			{৬.১.৩} প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা প্রদানে পরিচালিত ক্যাম্পেইন	সংখ্যা	২	৪৮	৫৩	৬০	৫৮	৫৬	৫৪	৫২	৬২	৬৫

অস্বীকারনামা

আমি, রিয়ার এডমিরাল আবু মোজাফ্ফর মহিউদ্দিন মোহাম্মদ আওরঙ্গজেব চৌধুরী, এনবিপি, ওএসপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগের সচিবের নিকট অস্বীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।


আমি, মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর নিকট অস্বীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।



এ এম এম এম আওরঙ্গজেব চৌধুরী
রিয়ার এডমিরাল
মহাপরিচালক
বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

২১ জুন ২০১৮

তারিখ



মোস্তাফা কামাল উদ্দীন
সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ

সংযোজনী ২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাঙ্গসূত্র	সাধারণ মন্তব্য
{১.১} উপকূলবর্তী এলাকার দায়িত্বাধীন এলাকাসমূহে টহল বৃদ্ধি	{১.১.১} পরিচালিত টহল	দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
{১.২} প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম	{১.২.১} দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম	কোস্ট গার্ড বাহিনীর জাহাজ ও আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোটসমূহের মাধ্যমে যথাসময়ে ঘটনাস্থলে পৌঁছে তাৎক্ষণিকভাবে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
{২.১} উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	{২.১.১} মাদকদ্রব্য পাচার রোধে পরিচালিত টহল/অভিযান	দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে উপকূলীয় অঞ্চলসমূহে কোস্ট গার্ড বাহিনীর টহল কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে অবৈধভাবে মাদকদ্রব্য পাচার প্রতিরোধ করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{২.১.২} অবৈধ চোরাচালান রোধে পরিচালিত টহল/অভিযান	উপকূলীয় অঞ্চলে চোরাচালান প্রতিরোধে দিবারাত্রি কোস্ট গার্ড বাহিনীর জাহাজ ও বোটসমূহের মাধ্যমে টহল প্রদান করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{২.১.৩} অবৈধভাবে মাদকদ্রব্য পাচার ও চোরাচালান রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	উপকূলীয় অঞ্চলে মাদকদ্রব্য পাচার ও চোরাচালান রোধে কোস্ট গার্ড বাহিনীর বেইস, স্টেশন ও আউটপোস্টসমূহ কর্তৃক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
{২.২} উপকূলবর্তী এলাকায় জেলেদের নিরাপত্তা প্রদান কার্যক্রম	{২.২.১} অপহৃত বিপন্ন জেলে/বাওয়ালী উদ্ধারে পরিচালিত অভিযান	সুন্দরবনসহ দেশের উপকূলীয় এলাকায় জেলেদের নিরাপত্তার জন্য নিয়মিত কোস্ট গার্ড বাহিনীর অভিযান কার্যক্রম পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
{৩.১} উপকূলীয় ও সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম	{৩.১.১} অভ্যন্তরীণ জলসীমায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	জাটকা নিধন প্রতিরোধ, মা ইলিশ সংরক্ষণ ও অবৈধ পোনা আহরণ প্রতিরোধ অভিযান পরিচালনা করা (বছরে ০৬ মাস পরিচালিত হয়)	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{৩.১.২} সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	বিদেশী ট্রলার কর্তৃক অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ, মৎস্য প্রজনন মৌসুমে মৎস্য আহরণ প্রতিরোধ এবং ৪০ মিটারের কম গভীরতায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধে কোস্ট গার্ড বাহিনীতে সদ্য সংযোজিত ওপিভি জাহাজসমূহের মাধ্যমে অভিযান পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{৩.১.৩} অবৈধভাবে মৎস্য আহরণ রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	উপকূলীয় ও সমুদ্র এলাকায় জাটকা নিধন প্রতিরোধ, মা ইলিশ সংরক্ষণ ও অবৈধ পোনা আহরণ প্রতিরোধে কোস্ট গার্ড বাহিনীর বেইস, স্টেশন ও আউটপোস্টসমূহ কর্তৃক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
{৪.১} উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা	{৪.১.১} মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে	দেশের উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে নিয়মিত টহল পরিচালনা করা হয়। এছাড়া কোস্ট গার্ড বাহিনীর	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম	পরিচালিত টহল/অভিযান	প্যাট্রোল ক্রাফট এবং আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোট সার্বক্ষণিক অবৈধভাবে সমুদ্রপথে মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধে টহলে নিয়োজিত রয়েছে			
	{৪.১.২} মানব পাচার রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	দেশের উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে কোস্ট গার্ড বাহিনীর বেইস, স্টেশন ও আউটপোস্টসমূহ কর্তৃক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
{৫.১} সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধিতে কার্যক্রম	{৫.১.১} বন্দর নোঙ্গর এলাকায় পরিচালিত টহল	কোস্ট গার্ড বাহিনীর প্যাট্রোল ক্রাফট এবং আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোট দ্বারা সার্বক্ষণিক বন্দর নোঙ্গর এলাকায় বাণিজ্যিক জাহাজসমূহে নিরাপত্তা প্রদানের নিমিত্তে টহল পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{৫.১.২} ব্লু ইকোনমি সংশ্লিষ্ট কর্মকাণ্ডে পরিচালিত টহল	কোস্ট গার্ড বাহিনীর সদ্য সংযোজিত ওপিভি, প্যাট্রোল ক্রাফট এবং আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোট দ্বারা ব্লু ইকোনমি সংশ্লিষ্ট কর্মকাণ্ডের নিরাপত্তা প্রদানের নিমিত্তে টহল পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{৫.১.৩} সমুদ্র এলাকায় অন্যান্য কর্মকাণ্ডে পরিচালিত টহল	কোস্ট গার্ড বাহিনীর সদ্য সংযোজিত ওপিভি, প্যাট্রোল ক্রাফট দ্বারা সার্বক্ষণিক সমুদ্র এলাকায় টহল পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{৫.১.৪} নৌযানের ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম	দেশের উপকূলীয় এলাকায় কোস্ট গার্ড বাহিনীর বেইস, স্টেশন ও আউটপোস্টসমূহ কর্তৃক নৌযানের ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
{৬.১} মানব সম্পদ উন্নয়নে গৃহীত কার্যক্রম	{৬.১.১} মানব সম্পদ উন্নয়নে প্রদানকৃত প্রশিক্ষণ	কোস্ট গার্ড বাহিনীর প্রশিক্ষণ ঘাঁটি অগ্রযাত্রায় এ বাহিনীতে সদস্যদের বিভিন্ন পেশাগত বিষয়ে মানোন্নয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{৬.১.২} সভা, সেমিনার ও কর্মশালা	কোস্ট গার্ড বাহিনীর কর্মকর্তা ও নাবিকগণকে বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন/ অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষিত করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	
	{৬.১.৩} প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা প্রদানে পরিচালিত ক্যাম্পেইন	দেশের উপকূলীয় এলাকার প্রত্যন্ত অঞ্চলে কোস্ট গার্ড বাহিনীর বেইস ও জাহাজসমূহ কর্তৃক সুবিধাবঞ্চিত জনসাধারণের মাঝে স্বাস্থ্যসেবা প্রদান করা	-	মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী ৩

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
বাংলাদেশ পুলিশ	উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল/অভিযান	আটককৃত মালামাল ও অপরাধী	আটককৃত মালামাল ও অপরাধী গ্রহণ ও উপকূলীয় অঞ্চলের চিহ্নিত অপরাধীদের শ্রেফতারকরণ	উপকূলীয় অঞ্চলের অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা	অপারেশনাল কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি ও উপকূলীয় অঞ্চলে অপরাধ প্রবণতা হ্রাসে বিঘ্নতা সৃষ্টি হতে পারে
র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন	উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল/ অভিযান	আটককৃত মালামাল ও অপরাধী	আটককৃত মালামাল ও অপরাধী গ্রহণ ও উপকূলীয় অঞ্চলের চিহ্নিত অপরাধীদের শ্রেফতারকরণ	উপকূলীয় অঞ্চলের অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা	অপারেশনাল কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি ও উপকূলীয় অঞ্চলে অপরাধ প্রবণতা হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে
বর্ডার গার্ড বাংলাদেশ	উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম	মানব পাচার হ্রাসকরণ	মানব পাচার প্রতিরোধে তথ্যের আদান প্রদানসহ যৌথ অভিযান পরিচালনা	মানব পাচার প্রতিরোধে বাহিনীর মধ্যে অবাধ তথ্যের আদান-প্রদান ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সঠিক সময়ে সঠিক তথ্যের ভিত্তিতে বাহিনীর দ্রুত পদক্ষেপেই মানব পাচারের হার কমবে	মানব পাচার রোধে বিঘ্ন সৃষ্টি হতে পারে
মৎস্য অধিদপ্তর	উপকূলীয় ও সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম	অবৈধ মৎস্য আহরণ	অবৈধ মৎস্য আহরণরোধে মৎস্যজীবীদের আর্থিক প্রণোদনামূলক বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থাকরণ	মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান তৈরি না হলে নিষিদ্ধ মৌসুমে মৎস্যজীবীরা অবৈধভাবে মৎস্য আহরণ করতে পারে	অবৈধ মৎস্য আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে
বন বিভাগ	উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	বনজ সম্পদ সংরক্ষণ	আটককৃত বনজ সম্পদ গ্রহণ এবং বনজ সম্পদের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থান ও বনজ সম্পদ রক্ষায় উদ্বুদ্ধকরণ	বনজ সম্পদ রক্ষায় সহযোগিতা বৃদ্ধি পাবে	অবৈধভাবে বনজ সম্পদ আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	অবৈধ মাদকদ্রব্য	আটককৃত অবৈধ মাদকদ্রব্য গ্রহণ ও যৌথ অভিযান পরিচালনা	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে যৌথ অভিযান পরিচালনায় মাদকদ্রব্য উদ্ধার অভিযান গতিশীল হবে	মাদকদ্রব্য পাচার হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে

কোস্ট গার্ড বাহিনীর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০১৮-১৯

(মোট নম্বর-২৫)

কলাম -১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম -২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম -৩ কার্যক্রম (Activities)	কলাম -৪		কলাম -৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম -৬ লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ	৩	মাঠপর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েব সাইটে আপলোড	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত	তারিখ	.৫	২০ জুন ২০১৮	২১ জুন ২০১৮	২৪ জুন ২০১৮	-	-
		২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	.৫	১৭ জানুয়ারি ২০১৯	২০ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯	২২ জানুয়ারি ২০১৯	২৩ জানুয়ারি ২০১৯
		মাঠপর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাস্তে ফলাবর্তক(Feedback) মন্ত্রণালয়/বিভাগে দাখিল	ফলাবর্তক (Feedback) প্রদত্ত	তারিখ	১	২৪ জানুয়ারি ২০১৯	৩১ জানুয়ারি ২০১৯	০৪ ফেব্রুয়ারি ২০১৯	০৮ ফেব্রুয়ারি ২০১৯	১১ ফেব্রুয়ারি ২০১৯
		সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	আয়োজিত প্রশিক্ষণের সময়	জনঘন্টা *	১	৬০	-	-	-	-
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	১০	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত	%	১	৮০	৭০	৬০	৫৫	৫০
			ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত **	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০
			ই-ফাইলে পত্র জারিকৃত***	%	১	৪০	৩৫	৩০	২৫	২০
		দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইনে সেবা চালু করা	নুন্যতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত	তারিখ	১	১০ জানুয়ারি ২০১৯	২৪ জানুয়ারি ২০১৯	২৮ জানুয়ারি ২০১৯	৩১ মার্চ ২০১৯	৩০ এপ্রিল ২০১৯
দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি ২০১৯	১১ ফেব্রুয়ারি ২০১৯	১৮ ফেব্রুয়ারি ২০১৯	২৫ ফেব্রুয়ারি ২০১৯	০৪ মার্চ ২০১৯		

কলাম -১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম -২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম -৩ কার্যক্রম (Activities)	কলাম -৪		কলাম -৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম -৬				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯				
						অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
১০০%	৯০%	৮০%	৭০%	৬০%						
			ওয়েবসাইটে প্রকাশিত							
			ডাটাবেইজ অনুযায়ী নূন্যতম দুইটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র প্রকল্প চালুকৃত	তারিখ	১	০৮ এপ্রিল ২০১৯	২২ এপ্রিল ২০১৯	০২ মে ২০১৯	১৬ মে ২০১৯	৩০ মে ২০১৯
		সিটিজেন্স চার্টার বাস্তবায়ন	হালনাগাদ সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা	%	১	৮০	৭৫	৭০	৬০	৫০
			সেবাপ্রার্থীদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	.৫	৩১ ডিসেম্বর ২০১৮	১৫ জানুয়ারি ২০১৯	০৭ ফেব্রুয়ারি ২০১৯	১৭ ফেব্রুয়ারি ২০১৯	২৮ ফেব্রুয়ারি ২০১৯
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত	%	.৫	৭৫	৭০	৬৫	৬০	৫০
		পিআরএল শুরু ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারি করা	পিআরএল আদেশ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
			ছুটি নগদায়ন পত্র জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৯	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত	%	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
			অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০
		স্বাবর/অস্বাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	স্বাবর সম্পত্তির হালনাগাদকৃত	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি ২০১৯	১১ ফেব্রুয়ারি ২০১৯	১৮ ফেব্রুয়ারি ২০১৯	২৫ ফেব্রুয়ারি ২০১৯	০৪ মার্চ ২০১৯
			অস্বাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি ২০১৯	১১ ফেব্রুয়ারি ২০১৯	১৮ ফেব্রুয়ারি ২০১৯	২৫ ফেব্রুয়ারি ২০১৯	০৪ মার্চ ২০১৯
		বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়িত	%	২	১০০	৯৫	৯০	৮৫	৮০
		অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ	নিষ্পত্তিকৃত	তারিখ	১	৮০	৭৫	৭০	৬০	৫০
		বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা	বিদ্যুৎ বিল পরিশোধিত	%	১	১০০	৯৫	৯০	৮৫	৮০
		শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান	নিয়োগ প্রদানকৃত	সংখ্যা	১	৮০	৭০	৬০	৫০	৪০

কলাম -১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম -২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম -৩ কার্যক্রম (Activities)	কলাম -৪		কলাম -৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম -৬				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯				
						অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
১০০%	৯০%	৮০%	৭০%	৬০%						
জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ	৩	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন ****	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল কৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
			জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত	%	.৫	১০০	৯৫	৯০	৮৫	৮০
		তথ্য বাতায়ন হালনাগাদকরণ	সকল অনলাইনে সেবা তথ্য বাতায়নে সংযোজিত	%	.৫	১০০	৯০	৮০	-	-
			তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	.৫	১০০	৯০	৮০	-	-
	দপ্তর/সংস্থার ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ওয়েব সাইটে প্রকাশ	বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ওয়েব সাইটে প্রকাশিত	তারিখ	.৫	১৮ অক্টোবর ২০১৮	৩১ অক্টোবর ২০১৮	১৫ নভেম্বর ২০১৮	২৯ নভেম্বর ২০১৮	০৬ ডিসেম্বর ২০১৮	